

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯০৫

১/ বিবিধ

আরবী

كادت النميمة أن تكون سحرا، وكاد الفقر أن يكون كفرا
موضوع

رواه عفيف بن محمد الخطيب في " المنظوم والمنثور " (2 / 188) عن محمد بن يونس القرشي: حدثنا المعلى بن الفضل الأزدي حدثنا سفيان بن سعيد حدثنا الأعمش عن يزيد الرقاشي عن أنس مرفوعا. قلت: وهذا إسناد موضوع، آفته محمد بن يونس، وهو الكديمي، وهو وضاع. والمعلى بن الفضل الأزدي ويزيد الرقاشي ضعيفان. ومن هذا الوجه أخرجه ابن لال عن أنس، كما في " فيض القدير". والشطر الثاني منه له طرق أخرى واهية سيأتي تخريجها برقم (4080)

বাংলা

১৯০৫। চোগলখোরী জাদুর (ধোঁকার) নিকটবর্তী হয়েছিল। আর দরিদ্রতা কুফরীর নিকটবর্তী হয়েছিল।

হাদীসটি বানোয়াট।

এটিকে আফীফ ইবনু মুহাম্মাদ খাতীব “আলমানযুম অলমানসূর” গ্রন্থে (২/১৮৮) মুহাম্মাদ ইবনু ইউনুস কুরাশী হতে, তিনি মুয়াল্লা ইবনুল ফায়ল আযদী হতে, তিনি সুফইয়ান ইবনু সাঈদ হতে, তিনি আমাশ হতে, তিনি ইয়াযীদ রুকাশী হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে মুহাম্মাম ইবনু ইউনুস। তিনি হচ্ছেন কাদাইমী। তিনি জালকারী।

আর মুয়াত্তা ইবনুল ফাল আযদী এবং ইয়াযীদ রুকাশী এর উভয়েই দুর্বল।

এ সূত্রেই হাদীসটিকে ইবনু লাল আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন যেমনটি “আলফায়েয” গ্রন্থে এসেছে।

তার থেকে হাদীসটির দ্বিতীয় অংশের অন্যান্য দুর্বল সূত্র রয়েছে। যার আলোচনা (৪০৮০) আসবে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72788>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন